গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.২২.০০১(এ).২১- ৮২৮

তারিখ : ০১ আষাঢ় ১৪৩২ / ১৫ জুন ২০২৫

**বিষয় : 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮' সংশোধন।**

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.০০০.১৭২.২২.০০১৬.২৪-৭২, তারিখ : ০৫ মে ২০২৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮" সংশোধনের নিমিত্ত খসড়া প্রজ্ঞাপন ও তুলনামূলক বিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৫/৬/২৫

(মোঃ আঃ কুদ্দূস)
উপসচিব
ফোন : ০২-৪১০৫৩৮০১
ই-মেইল : college.sec5@shed.gov.bd

দৈনিক শিক্ষাডটকম
dainikshiksha.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রজ্ঞাপন
তারিখ:

এস.আর.ও.নং-২৪৫-আইন/২০১৮।—**সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা-৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে** রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:-

১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:

(১) **এই বিধিমালা সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।**
(২) এই বিধিমালা জারির তারিখ বা তৎপরবর্তীতে সরকারিকৃত কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
(৩) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) "অস্থায়ীভাবে নিয়োগ" অর্থ বিধি ৫ এর অধীন অস্থায়ীভাবে নিয়োগ;
(২) "আত্তীকৃত শিক্ষক ও কর্মচারী" অর্থ বিধি ৭ এর অধীন চাকরি স্থায়ীকৃত শিক্ষক বা কর্মচারী;
(৩) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
(৪) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ স্থানান্তরিত পদে-

(ক) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি; এবং
(খ) কর্মচারী নিয়োগের ক্ষেত্রে **কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী যেই গ্রেডের অন্তর্ভুক্ত সেই গ্রেডের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে** এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(৫) "নির্বাচিত বেসরকারি কলেজ" অর্থ সরকারিকরণের উদ্দেশ্যে সরকার কর্তৃক নির্বাচিত কোনো বেসরকারি কলেজ;
(৬) "শিক্ষা ক্যাডার" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা) ক্যাডার;
(৭) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
(৮) "সরকারিকৃত কলেজ" অর্থ এই বিধিমালা জারির তারিখে বা তৎপরবর্তীতে সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সরকারি হিসাবে ঘোষিত এমন কোনো নির্বাচিত বেসরকারি কলেজ, যাহার পরিচালনা পর্ষদ উক্ত কলেজ পরিচালনার কর্তৃত্বসহ উহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারের নির্দেশনা অনুসারে সরকারের অনুকূলে রেজিস্ট্রিকৃত দলিলমূলে হস্তান্তর করিয়াছে এবং সরকার কলেজটির দায়িত্ব গ্রহণ করিয়াছে;
(৯) "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী" অর্থ কোনো সরকারিকৃত কলেজে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক, প্রভাষক পদে কর্মরত এমন কোন শিক্ষক, **শরীরচর্চা শিক্ষক, প্রদর্শক, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক** বা অন্য কোনো পদে কর্মরত এমন কোনো কর্মচারী, যিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্বাচিত বেসরকারি কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপ করিবার তারিখের পূর্বে, বেসরকারি কলেজের জন্য প্রযোজ্য নিয়োগ সংক্রান্ত আদেশ, নির্দেশ বা নীতিমালার অধীন, নিয়োগপ্রাপ্ত হইয়া অব্যাহতভাবে উক্ত কলেজে কর্মরত আছেন;
(১০) "স্থানান্তরিত পদ" অর্থ বিধি ৪ এর অধীন স্থানান্তরিত কোনো পদ।

৩। বিধিমালার প্রাধান্য: আপাতত বলবৎ কোনো বিধি, প্রবিধান, পরিপত্র, আদেশ বা নির্দেশে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন এই বিধিমালার বিধানসমূহ প্রাধান্য পাইবে।

মোঃ আব্দুল কুদ্দুস
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৪। পদ স্থানান্তর: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক কোনো নির্বাচিত বেসরকারি কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপ করিবার তারিখ পর্যন্ত, বেসরকারি কলেজের জন্য প্রযোজ্য নিয়োগ সংক্রান্ত আদেশ, নির্দেশ বা নীতিমালা অনুযায়ী, সংশ্লিষ্ট কলেজের নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণের বিদ্যমান পদসমূহ, সরকারিকরণের তারিখ হইতে উক্ত সরকারিকৃত কলেজের পদ হিসেবে স্থানান্তরিত হইবে।

৫। অস্থায়ী নিয়োগ:

(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক কোনো নির্বাচিত বেসরকারি কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপের তারিখে সংশ্লিষ্ট কলেজের-

(ক) অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে কর্মরত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষকগণকে, যথাক্রমে, অধ্যক্ষ (নন-ক্যাডার), উপাধ্যক্ষ (নন-ক্যাডার), সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) ও প্রভাষক (নন-ক্যাডার) হিসেবে,

(খ) কর্মচারীগণকে স্ব-স্ব পদে, -

উক্ত কলেজ সরকারিকরণের তারিখ হইতে, বিধি ৬ এর বিধান সাপেক্ষে, আত্তীকরণের উদ্দেশ্যে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করিবে।

(২) সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারীগণকে স্থানান্তরিত পদ ব্যতীত অন্য কোনো পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা যাইবে না।

(৩) অস্থায়ী নিয়োগের তারিখে উপবিধি ৫(১) এর আওতায় অস্থায়ীভাবে নিয়োগকৃত কোনো শিক্ষক বা কর্মচারী বা অন্য কোনো পদে কর্মরত ব্যক্তি অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে বা সরকারি চাকরির বয়সসীমা অতিক্রম করিলে বা মৃত্যুবরণ করিলে তিনি প্রতিষ্ঠান সরকারিকরণের প্রজ্ঞাপন জারির তারিখে কর্মরত থাকিলে উক্ত তারিখ হইতে সরকারিকৃত শিক্ষক বা কর্মচারী হিসেবে আত্তীকৃত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৪) (ক) অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপনে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এবং কর্মচারীর নিয়োগ উক্ত প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হইতে কার্যকর মর্মে গণ্য হইবে।

(খ) প্রতিষ্ঠান সরকারীকরণের তারিখে কর্মরত থাকিলে অস্থায়ী নিয়োগ প্রজ্ঞাপন জারির তারিখে মৃত এবং অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীগণের নিয়োগ সরকারিকরণের তারিখ হইতে কার্যকর মর্মে গণ্য হইবে।

ব্যাখ্যা- এই বিধিতে উল্লিখিত "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে এই বিধিমালার বিধি ২(৯) এ বর্ণিত পদসমূহে নিয়োগ লাভের উদ্দেশ্যে তিনি যে সময়ে নিয়োগ লাভ করিয়াছিলেন সে সময়ে প্রযোজ্য বিধি-বিধান, অনুসৃত পদ্ধতি ও নির্ধারিত যোগ্যতাকে বুঝাইবে।

৬। (১) অস্থায়ী নিয়োগের ক্ষেত্রে বাধা-নিষেধ: কোনো ব্যক্তি অস্থায়ী নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন বা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে বর্ণিত প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখে তাহার বয়স সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স অপেক্ষা অধিক হয়।

(২) স্থায়ী নিয়োগের ক্ষেত্রে বাধা-নিষেধ: কোনো ব্যক্তি স্থায়ী নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি-

(ক) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিক্যাল বোর্ড বা উক্ত অধিদপ্তর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো মেডিক্যাল অফিসার সংশ্লিষ্ট পদের জন্য তাহাকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যয়ন না করেন;

(খ) যথাযোগ্য কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক উক্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তদন্তের ফলে দেখা যায় যে, তিনি প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োগের অযোগ্য;

মোঃ [illegible] কুদ্দুস
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৭। চাকরি স্থায়ীকরণ:

(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, কমিশনের সহিত পরামর্শক্রমে, অস্থায়ীভাবে নিয়োগকৃত শিক্ষক ও কর্মচারীগণকে নিম্নবর্ণিত শর্তে স্থানান্তরিত পদে নন-ক্যাডার হিসাবে চাকরিতে স্থায়ী করিতে পারিবে, যথা-

(ক) সংশ্লিষ্ট সরকারিকৃত কলেজে অস্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির পর, চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরি স্থায়ীকরণের তারিখ পর্যন্ত, উক্ত কলেজেই অব্যাহতভাবে ২ (দুই) বৎসরের চাকরির ধারাবাহিকতা থাকিতে হইবে; এবং

(খ) চাকরি সন্তোষজনক হইতে হইবে।

(২) আত্তীকরণের উদ্দেশ্যে এই **বিধিমালার বিধি ২(৯) এ বর্ণিত পদসমূহে** সরকারিকৃত কলেজে স্থানান্তরিত পদে অস্থায়ী নিয়োগ প্রদানের পর চাকরিতে যোগদানের তারিখ হইতে, চাকরির ধারাবাহিকতা অক্ষুণ্ণ থাকিলে, চাকরি স্থায়ীকরণের **আনুষঙ্গিক** কার্যক্রম সমাপনান্তে, চাকরি স্থায়ীকরণ কার্যকর হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, অস্থায়ীভাবে নিয়োগকৃত কোনো শিক্ষক বা কর্মচারী অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে বা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে বা মৃত্যুবরণ করিলে, তাহাকে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটিতে গমনের তারিখ বা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণের তারিখ বা মৃত্যুবরণের তারিখের অব্যবহিত পূর্ব তারিখে, সন্তোষজনক চাকরি সাপেক্ষে, ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদান করিয়া চাকরি স্থায়ী করা যাইবে।

(৪) এই বিধির অধীন চাকরি স্থায়ী হইবার পর সংশ্লিষ্ট পদে সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারীগণের আত্তীকরণ সম্পন্ন হইবে।

ব্যাখ্যা: এই বিধিতে উল্লিখিত "নন-ক্যাডার" বলিতে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডার বহির্ভূত কোনো পদকে বুঝাইবে।

৮। ক্যাডারভুক্তি:

(১) সরকারিকৃত কলেজের কোনো শিক্ষক, যে পদেই হউক, শিক্ষা ক্যাডারে অন্তর্ভূক্তির উদ্দেশ্যে, উক্ত ক্যাডারের প্রভাষক পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে, এতদুদ্দেশ্যে প্রণীত বিধি অনুযায়ী, উক্ত ক্যাডারের প্রভাষক পদে নিয়োগ লাভের জন্য কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

(২) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এর অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কমিশন কর্তৃক সুপারিশপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে শিক্ষা ক্যাডারের প্রভাষক পদে নিয়োগ প্রদান করিতে পারিবে এবং তিনি উক্তরূপ নিয়োগ প্রদানের পর উক্ত পদে যোগদানের তারিখ হইতে শিক্ষা ক্যাডারভুক্ত হইবেন।

। বেতন-ভাতাদি নির্ধারণ: অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ বিদ্যমান জাতীয় বেতন স্কেলের নির্ধারিত স্কেলে বেতন ও ভাতাদি পাইবেন **এবং উক্ত স্কেলে বেতন নির্ধারণের উদ্দেশ্যে তাহার কার্যকর চাকুরীকাল সংশ্লিষ্ট পদের চাকুরীকাল বলিয়া গণ্য হইবে।**

০। জ্যেষ্ঠতা নির্ধারণ: সরকারিকরণের অব্যবহিত পূর্বে সংশ্লিষ্ট বেসরকারি কলেজের শিক্ষক ও কর্মচারীগণের জ্যেষ্ঠতার ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

১। পদায়ন ও বদলি:

(১) অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত অথবা আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণের চাকরি বদলিযোগ্য হইবে না।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত অথবা আত্তীকৃত কোনো শিক্ষক, বিধি ৮ এর বিধান অনুযায়ী, শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত হইলে তাহার চাকরি বদলিযোগ্য হইবে এবং উক্ত ক্ষেত্রে সরকারি কলেজের জন্য প্রযোজ্য বদলি বা পদায়ন নীতিমালা অনুসৃত হইবে।

মোঃ আবু ...
উপসচিব
... শিক্ষা বিভাগ

দৈনিক শিক্ষাডটকম dainikshiksha.com

১২। পদোন্নতি: সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারীগণের পদোন্নতিযোগ্য স্থানান্তরিত পদসমূহে সংশ্লিষ্ট কলেজে কর্মরত আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণ পদোন্নতির জন্য বিবেচিত হইবেন এবং উক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের সরকারিকরণের অব্যবহিত পূর্বের, ক্ষেত্রমত, বিষয় বা পদভিত্তিক জ্যেষ্ঠতার ভিত্তিতে, সরকার কর্তৃক নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে, পদোন্নতি প্রদান করা যাইবে।

১৩। শূন্যপদ পূরণ:

(১) সরকারিকৃত কোনো কলেজে কোনো বিষয়ের শিক্ষকের স্থানান্তরিত কোনো পদ শূন্য হইলে, উহা সংশ্লিষ্ট কলেজের সংশ্লিষ্ট বিষয়ের তাৎক্ষণিক বা ভবিষ্যতে পদোন্নতিযোগ্য আত্তীকৃত শিক্ষকগণের মধ্য হইতে পূরণ করিতে হইবে: তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ের ফিডার পদে তাৎক্ষণিক বা ভবিষ্যতে পদোন্নতিযোগ্য আত্তীকৃত কোনো শিক্ষক উক্ত কলেজে না থাকিলে, **উক্ত পদ শিক্ষা ক্যাডারের সদস্যগণের মধ্য হইতে পূরণ করা যাইবে।**

(২) সরকারিকৃত কোনো কলেজে কর্মচারীর স্থানান্তরিত কোনো পদ শূন্য হইলে, উহা সংশ্লিষ্ট কলেজের তাৎক্ষণিক বা ভবিষ্যতে পদোন্নতিযোগ্য আত্তীকৃত কর্মচারীগণের মধ্য হইতে পূরণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, তাৎক্ষণিক বা ভবিষ্যতে পদোন্নতিযোগ্য আত্তীকৃত কোনো কর্মচারী উক্ত কলেজে না থাকিলে পদটি শূন্য বিবেচিত হইবে এবং উহা, প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক, পূরণ করা যাইবে।

১৪। কার্যকর চাকরিকাল:

(১) সরকারিকৃত কলেজে আত্তীকৃত কোনো শিক্ষক বা কর্মচারী সংশ্লিষ্ট কলেজ সরকারিকরণের অব্যবহিত পূর্ব পর্যন্ত ধারাবাহিকভাবে উক্ত কলেজে সর্বমোট যে সময়কাল চাকরি করিবেন, উক্ত চাকরিকালের অর্ধেক সময় সংশ্লিষ্ট শিক্ষক বা কর্মচারীর কার্যকর চাকরিকাল হিসাবে গণ্য হইবে।

(২) সরকারিকৃত কলেজের শিক্ষক ও কর্মচারীগণের কার্যকর চাকরিকাল, **বেতন ভাতাদি নির্ধারণ, জ্যেষ্ঠতা নির্ধারণ,** পেনশন এবং ছুটির জন্য গণনা যোগ্য হইবে।

১৫। রহিতকরণ ও হেফাজত:

(১) এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে **"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮" রহিত হইবে।**

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত রহিত বিধিমালার অধীন-

(ক) কোনো কার্য নিষ্পন্নাধীন থাকিলে উহা উক্ত রহিত বিধিমালার অধীনেই এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা রহিত হয় নাই।

(খ) সংশ্লিষ্ট কোনো কলেজের কোনো শিক্ষক বা কর্মচারীর চাকরি এই বিধিমালার অধীন আত্তীকরণযোগ্য হইলে, **সরকারের অনুমোদন সাপেক্ষে** এই বিধিমালার বিধান অনুযায়ী তাহাদের চাকরি আত্তীকরণ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিক জোবায়ের
সিনিয়র সচিব

মোঃ আঃ কুদ্দুস
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার